তারিখ ১৩.৯.৯১
পৃষ্ঠা ১ কলাম ৬

64

দৈনিক বাংলা

# কুমিল্লা বোর্ড ঃ এইচএসসি'র প্রথম দিনেই ৭৯০ জন বহিষ্কৃত

।। নিজস্ব সংবাদদাতা ।।

কুমিল্লা, ১২ই সেপ্টেম্বর।- কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার প্রথম দিনে আজ ৩৩টি কেন্দ্র থেকে ৭৯০ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। তাদের বিরুদ্ধে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগ রয়েছে। বোর্ডসূত্রে জানা গেছে, কুমিল্লা জেলার

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

**কুমিল্লা বোর্ড** (প্রথম পৃঃ পর)

১২টি কেন্দ্র থেকে আজ ৫০৮ জন ছাত্রছাত্রীকে বহিষ্কা করা হয়।

প্রসঙ্গত, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ও এসএসসি পরীক্ষা বিলম্বে অনুষ্ঠিত হওয়ায় কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষা দু'বার পিছিয়ে দিতে হয়েছে।

ব্রাহ্মণপাড়া কেন্দ্রে প্রভাষক মোস্তফা আবদুল হাইকে মিথ্যা কথা বলার জন্য ম্যাজিস্ট্রেট আড়াইশ টাকা ও অসদাচরণের জন্য প্রদর্শক হারুনুর রসিদকে দুশো টাকা জরিমানাকরেছেন।